

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়  
 নড়িয়া, শরীয়তপুর।  
 email:naria@uhfpo.dghs.gov.bd  
 স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

স্মারক নং- উপঃ স্বাঃ কমঃ/নড়িয়া/২০২২/১৫৭৬

তারিখঃ- ২৪/৫/২২

বিষয়ঃ- আসন্ন বর্ষা মৌসুমে অতিবৃষ্টির ফলে বন্যা ও সম্ভাব্য বন্যায় উদ্ভূত স্বাস্থ্য পরিস্থিতিতে জনগণের স্বাস্থ্য সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সূত্রঃ স্মারক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/ঢাকাবিভাগ/বিবিধ-১/২০২২/১৪৫৩, তারিখ-১৯/০৬/২০২২ ইং  
 সূত্রঃ স্মারক নং-সিবিএইচসি/প্রশাসন/১৮/২০২১/৪৫৮, তারিখ-১৯/০৬/২০২২ ইং

উপরোক্ত বিষয় ও সূত্রে প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নড়িয়া, জেলা- শরীয়তপুরের আসন্ন বর্ষা মৌসুমে অতিবৃষ্টির ফলে বন্যা ও সম্ভাব্য বন্যায় উদ্ভূত স্বাস্থ্য পরিস্থিতিতে জনগণের স্বাস্থ্য সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হলো :-

ক্রমিক নং-	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন
০১	নড়িয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শরীয়তপুর এ চিকিৎসক/প্যারামেডিক্স/নার্স সমন্বয়ে মেডিকেল টিম গঠন করা।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়িয়া, শরীয়তপুর।
০২	নড়িয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শরীয়তপুর এ বন্যাকালীন ও বন্যা পরবর্তী কিংবা যে কোন দুর্ভোগ মোকাবেলায় উপযুক্ত এলাকার সমূহ চিকিৎসক, নার্স সহ স্বাস্থ্য কেন্দ্রে কর্মরত অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদেরকে নিজ নিজ কর্মস্থলে সার্বক্ষণিক উপস্থিত থেকে স্বাস্থ্য সেবা নিশ্চিতের নির্দেশ প্রদান করা হলো।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়িয়া, শরীয়তপুর।
০৩	দুর্ভোগ এলাকায় স্বাস্থ্য সেবা প্রদান সংক্রান্ত বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার লক্ষ্যে কন্ট্রোল রুম চালু করে উক্ত রুম চালু করা।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়িয়া, শরীয়তপুর।
০৪	নড়িয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শরীয়তপুর এ পর্যাপ্ত খাবার স্যালাইন, ঔষধ, চিকিৎসা সামগ্রী এবং সাপের কামড়ের প্রতিষেধক মজুত রাখার নির্দেশ প্রদান করা হলো।	০১। ডাঃ মোঃ আনিসুল ইসলাম নাবেদ, আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নড়িয়া, শরীয়তপুর। ০২। জনাব মোঃ শাহাদাত হোসেন, ষ্টোর কিপার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নড়িয়া, শরীয়তপুর।
০৫	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নড়িয়া, শরীয়তপুর এর ইপিআই কক্ষ ও ষ্টোর রুম নিরাপদ রাখার লক্ষ্যে যথাসম্ভব উচ্চ স্থান বা দ্বিতীয় তলায় স্থাপনের নির্দেশ প্রদান করা হলো।	০১। জনাব সুকুমল চন্দ্র রায়, মেডিকেল টেকঃ (ইপিআই), অত্র কার্যালয়। ০২। জনাব মোঃ শাহাদাত হোসেন, ষ্টোর কিপার, অত্র কার্যালয়।
০৬	দুর্ভোগকালীন সময়ে ব্যবহার করা যেতে পারে এমন জেনারেটর ও জ্বালানী সংগ্রহ করার নির্দেশ প্রদান করা হলো।	প্রধান সহকারী কাম হিসাব রক্ষক এবং জুনিয়র টেকঃ, অত্র কার্যালয়।
০৭	মূল্যবান অফিস সামগ্রী (নথিপত্র ও দলিলাতি) নিরাপদে রাখার ব্যবস্থা করা।	প্রধান সহকারী কাম হিসাব রক্ষক, অত্র কার্যালয়।
০৮	ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিক সমূহের আসবাবপত্র, এম.এস.আর সামগ্রী, ঔষধ ও বিভিন্ন রেজিঃ সমূহ নিরাপদ স্থানে সংরক্ষণ করতে হবে।	স্ব-স্ব প্রতিষ্ঠানের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি।

(ডাঃ মোঃ শফিকুল ইসলাম)

কোড নং- ১২৭৩১৪

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা,  
 নড়িয়া, শরীয়তপুর।  
 তারিখঃ-

স্মারক নং- উপঃ স্বাঃ কমঃ/নড়িয়া/২০২২/

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেরিত হইল :-

- ০১। পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।
- ০২। সিভিল সার্জন, শরীয়তপুর।
- ০৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, নড়িয়া, শরীয়তপুর।
- ০৪। ডাঃ..... অত্র কার্যালয়, নড়িয়া, শরীয়তপুর।
- ০৫। জনাব..... অত্র কার্যালয়, নড়িয়া, শরীয়তপুর।
- ০৬। অফিস কপি।

(ডাঃ মোঃ শফিকুল ইসলাম)

কোড নং- ১২৭৩১৪

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা,  
 নড়িয়া, শরীয়তপুর।